

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৪০

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَن أَبِي مَالَكُ الأَشْعَرِيِّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «مَنْ فَصَلَ فِي سَبِيلِ اللَّهِ فَمَاتَ أَوْ قُتِلَ أَوْ وَقَصَهُ فَرَسُهُ أَوْ بَعِيرُهُ أَوْ لَدْغَتْهُ هَامَّةٌ أَو مَاتَ فِي فَصَلَ فِي سَبِيلِ اللَّهِ فَمَاتَ أَوْ قُتِلَ أَوْ وَقَصَهُ فَرَسُهُ أَوْ بَعِيرُهُ أَوْ لَدْغَتْهُ هَامَّةٌ أَو مَاتَ فِي فَرَاشِهِ بِأَيِّ حَتْفٍ شَاءَ اللَّهُ فَإِنَّهُ شَهِيدٌ وَإِن لَهُ الْجِنَّة» . رَوَاهُ أَبُو دَاؤد

বাংলা

৩৮৪০-[৫৩] আবূ মালিক আল আশ্'আরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, যে লোক আল্লাহর পথে (জিহাদে) বের হয়ে যায়, এমতাবস্থায় সে যদি মৃত্যুবরণ করে অথবা তাকে হত্যা করা হয়, অথবা সে ঘোড়া বা উট থেকে পড়ে গিয়ে মৃত্যুবরণ করে, অথবা কোনো বিষধর জন্তু-জানোয়ার তাকে দংশন করে কিংবা নিজ বিছানায় মৃত্যুবরণ করে- সে শহীদ বলে সাব্যস্ত হবে এবং তার জন্য জান্নাত অপরিহার্য হয়ে যায়। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ২৪৯৯, য'ঈফাহ্ ৫৩৬১, য'ঈফ আত্ তারগীব ৮১৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: কোনো ব্যক্তি যদি গাজী তথা বিজয়ী বীর অবস্থায় যে কোনো ভাবে মারা যায়, তাহলে তার কিরূপ মর্যাদা ও প্রতিদান রয়েছে, আলোচ্য হাদীসে এ ব্যাপারেই আলোচনা করা হয়েছে।

وَمَنْ فَصَلَ فِيْ سَبِيلِ اللهِ) এর দ্বারা উদ্দেশ্য হলো ঐ ব্যক্তি, যে তার নিজ বসবাসের গৃহ হতে বের হয়ে আল্লাহর রাস্তায় জিহাদের উদ্দেশে রওয়ানা হলো। এ মর্মে আল্লাহ তা'আলার বাণী : অর্থাৎ- ''যখন ত্বালৃত্ব সৈন্যবাহিনী নিয়ে বের হয়েছিল''- (সূরা আল বাকারা ২ : ২৪৯)। এখানে (ফাসালা) শব্দের অর্থ বের হলো।



وَقُتِلَ أَوْ وَقَصَهُ فَرَسُهُ) এ অংশের অর্থ সম্পর্কে ইমাম মুযহির বলেনঃ অর্থাৎ- ঘোড়া বা উট তাকে ফেলে দিল ও তার ঘাড় ভেঙ্গে দিল।

''তার জন্য রয়েছে জান্নাত'' অর্থাৎ- শহীদ ও সৎকর্মশীলদের সাথে সঙ্গী হয়ে সে জান্নাতে প্রবেশ করবে।

ইমাম ত্বীবী বলেনঃ সে আল্লাহ তা'আলার রাস্তায় লড়াই করার কারণে জান্নাত লাভ করবে। কারণ মহান আল্লাহ বলেন, "নিশ্চয় আল্লাহ মু'মিনদের নিকট থেকে তাদের প্রাণ ও তাদের ধন-সম্পদসমূহকে ক্রয় করে নিয়েছেন যে, তাদের জন্য রয়েছে জান্নাত"- (সূরা আত্ তাওবাহ্ ৯ : ১১১)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ মালিক আল আশ্আরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন